# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**20 JUNE 2026** **7:45—7:55 PM**

---

১) ইউরোপীয় সংঘের ২৭ টি সদস্য রাষ্ট্রের নাগরিকের জন্য আসাম ভ্রমণের ক্ষেত্রে আরোপ করা প্রতিবন্ধকতা প্রত্যাহার ।

২) জাপানের প্রধানমন্ত্রীর আসাম সফরের প্রতি লক্ষ্য রেখে ৭০ জন প্রবীন আধিকারিককে দায়িত্ব অর্পন ।

৩) কেন্দ্রীয় পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস দপ্তরের মন্ত্রী হরদ্বীপ সিং পুরী তিনদিনের সফরে আগামীকাল আসামে ।

এবং

৪) আগামীকাল আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষে সমগ্র দেশ তথা বিশ্বে বিভিন্ন যোগ কার্যসূচী গ্রহণ ।

---

ইউরোপীয় সংঘের ২৭ টি সদস্য রাষ্ট্র তাদের নাগরিকের জন্য আসাম ভ্রমণের ক্ষেত্রে আরোপ করা প্রতিবন্ধকতা প্রত্যাহার করেছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রকাশ করেছেন । কিছু সময় আগে সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী একথা জানিয়ে বলেন যে রাজ্য সরকার এসম্পর্কে ইতিমধ্যে আনুষ্ঠানিক পত্র লাভ করেছে । ব্রিটিশ রাষ্ট্রদূত হার্ভে ডেফলিন রাজ্যের মুখ্যসচিব ড: রবি কোটাকে পত্রের মাধ্যমে গতকাল থেকে এই প্রতিবন্ধকতা প্রত্যাহার করা হয়েছে বলে জানিয়েছেন । এসম্পর্কে ড: শর্মা বলেন

বাইট ---------

---

জাপানের প্রধানমন্ত্রীর আগমনের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার তৎপরতা অবলম্বন করেছে । এর প্রতি লক্ষ্য রেখে রাজ্য সরকারের কর্মচারী বিভাগ ৭০ জন প্রবীন আধিকারিককে দায়িত্ব অর্পন করেছে । প্রধানমন্ত্রীর ভ্রমণ , পরিবহন , সব ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এই আধিকারিদের নির্দেশ দেওয়া হয়েছে ।এদিকে জাপানের প্রধানমন্ত্রীর আগমনের জন্য গোহাটী মহানগরকে নতুনকরে সাজিয়ে তোলা হয়েছে । রাজ্য সরকারের নির্দেশে গৌহাটী পৌর নিগম ও লোক নির্মাণ বিভাগ যুদ্ধকালীন তৎপরতায় মহানগকে পরিষ্কার পরিচ্ছন্ন করে তোলা সহ প্রকাশ্য স্থানগুলিকে নতুন রুপ দেওয়ার চেষ্টা অব্যাহত রেখেছে ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় পেট্রলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস দপ্তরের মন্ত্রী হরদ্বীপ সিং পুরী তিনদিনের সফরে আগামীকাল আসামে আসছেন ।আগামীকাল বিকেলে ডিব্রুগড় বিমানবন্দরে অবতরণ করে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী পুরী দুলিয়াজান যাবেন । মন্ত্রী অয়েল ইন্ডিয়া লিমিটেডের উচ্চপদস্থ আধিকারীকদের সঙ্গে এক সভায় মিলিত হবেন এছাড়া তিনি বিভিন্ন ক্ষেত্র পরিদর্শন করবেন ।কেন্দ্রীয় মন্ত্রী আগামী সোমবার অয়েলের তৈল কূপ এবং চাবাগান পরিদর্শন করা সহ অয়েল ইন্ডিয়ার আধিকারীক এবং ডিব্রুগড় জেলা আয়ুক্তের সঙ্গে  পৃথকভাবে আলোচনায় মিলিত হবেন ।আগামী মঙ্গলবার কেন্দ্রীয় মন্ত্রী শ্রী পুরী ডিগবয় রিফাইনারী পরিদর্শন করবেন এবং প্রতিষ্ঠানটির আধিকারীক এবং তিনশুকিয়া জেলা আয়ুক্তের সঙ্গে আলোচনায় মিলিত হবেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্য মন্ত্রীসভায় দ্বিতীয়বার স্থান পাওয়ার পর মন্ত্রী কোশিক রাই ও কৃষ্ণেন্দু পাল বরাক উপত্যকা সফরের অংশ হিসেবে আজ শিলচরে এসেছেন । দুই মন্ত্রীকে স্বাগত জানাতে বিজেপি কর্মী ও সমর্থকদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । কাছাড় জেলা বিজেপি কমিটির পক্ষ থেকে দুই মন্ত্রীকে ফুলের তোড়া গামছা ইত্যাদি দিয়ে উষ্ণ সম্বর্ধনা জানানো হয় ।বিমানবন্দর থেকে শুরু করে শহরের স্থানে স্থানে বিজেপি কর্মী সমর্থকরা তাদের স্বাগত জানান ।

পরে ইটখলার বিজেপি জেলা কার্যালয়ে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় ।অনুষ্ঠানে দলের  জেলা ও মন্ডল পর্যায়ের নেতৃবৃন্দ , জনপ্রতিনিধি ও বিপুল সংখ্যক কর্মী সমর্থক উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে বক্তব্য রাখার সময়  মন্ত্রী কৌশিক রাই ও কৃষ্ণেন্দু পাল দলীয় নেতৃত্বের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এছাড়া বরাক উপত্যকার

সার্বিক উন্নয়ন , জনকল্যাণমুলক প্রকল্পের বাস্তবায়ন ও জনসাধারণের প্রত্যশা পূরণে আরো নিষ্ঠার সংগে কাজ করার অংগীকার ব্যাক্ত করেন ।

---------------------------------------------------------------------------------------------

জাতীয় পরীক্ষণ সংস্থার দ্বারা পরিচালিত চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমে নামভর্তির প্রবেশ পরীক্ষা ( নীট ইউ জি)'র আগামীকাল অনুষ্ঠেয় পুনর পরীক্ষার জন্য আজ দেশের বিভিন্ন প্রান্তে মকড্রিলের আয়োজন করা হয়েছে । এই মকড্রিলে ২ লক্ষ ৫ হাজার নিরাপত্তা রক্ষী নিয়োজিত করা হয়েছে ।মোট ত্রিস্তরীয় নিরাপত্তা বেষ্টনীর মধ্যে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে ।পরীক্ষার সব কেন্দ্র ইতিমধ্যে ন্যাশনেল টেষ্টিং এজেন্সিকে অর্পণ করা হয়েছে ।কেন্দ্রীয় সরকারের তথ্য অনুযায়ি প্রশ্নপত্র এবং উত্তরপত্র সুরক্ষিত রাখআর প্রক্রিয়ায় আধাসামরিক বাহিনী নিয়োজিত করা হয়েছে । সমগ্র দেশের ৫ হাজারেরও বেশী কেন্দ্রে আগামীকাল অনুষ্ঠেয় এই পুনর পরীক্ষা প্রক্রিয়া স্বচ্ছ এবং ত্রুটিমুক্ত করতে সিসিটিভি নিরীক্ষণের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া সামাজিক মাধ্যমের গতিবিধি লক্ষ্য করার একটি উচ্চ পর্যায়ের তদারক কমিটি গঠন করা হয়েছে ।পরীক্ষাকে কেন্দ্র করে কঠোর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।জেলা প্রশাসন ছাড়াও রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পরীক্ষা ব্যবস্থায় সার্বিকভাবে নজর রাখা হবে ।উল্লেখ আগামীকাল অনুষ্ঠেয় এই পরীক্ষার জন্য ২২ লক্ষ পরীক্ষার্থী নাম পঞ্জীয়ন করেছে ।

---------------------------------------------------------------------------------------------

চলতি বছরের আর্ন্তজাতিক যোগ দিবস আগামীকাল সমগ্র দেশ তথা বিশ্বে পালন করা হবে । এবছরের আর্ন্তজাতিক যোগ দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে সুস্থ বার্ধক্যের ক্ষেত্রে দিকে যোগের স্বাস্থ্যকর ভূমিকা । এই দ্বাদশ আর্ন্তজাতিক যোগ দিবস উদযাপনের অংশ হিসেবে সাংস্কৃতিক মন্ত্রনালয় দেশের ১০০ টি বিশেষ স্থানে কার্যসূচী রুপায়ন করবে । নতুনদিল্লীর সর্বভারতীয় আয়ুর্বেদ প্রতিষ্ঠান যোগের জন্য দৌড় কার্যসূচীর আয়োজন করেছে । এদিকে কোলকাতার ঐতিহাসিক রেড রোডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে আগামীকাল যোগ দিবসের মূল কার্যসূচী অনুষ্ঠিত হবে ।

বরাক উপত্যকার তিন জেলায় ও যোগ দিবস উপলক্ষে কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষে আজ রাধামাধব কলেজে যোগাভ্যাস শিবিরের আয়োজন করা হয় । রাধামাধব কলেজের কালচারেল সেল এবং হেলথ এন্ড রেড

রিবন কমিটির যৌথ উদ্যোগে এবং এন এস এস ইউনিট ও এন সি সি ইউনিটের সহযোগীতায় এই শিবির অনুষ্ঠিত হয় ।

লায়ন্স ক্লাব অফ লালার উদ্যোগে লালার শেফালিকা রায় স্মৃতি মাতৃভাষা আদর্শ বিদ্যাপীঠে যোগ দিবস উপলক্ষে যোগব্যায়াম , প্রশিক্ষণ , প্রদর্শনী ও আলোচনা সভার আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------

ভারত সরকারের ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রণালয়ের অধীন মেরা-যুবা ভারত ( মাই ভারত ) কাছাড় জেলার পরিচালনায় ও মনিয়ারখালের স্বেচ্ছাসেবী সংগঠন বাণীশক্তি ক্লাবের সহযোগিতায় আগামী কাল আর্ন্তজাতিক যোগ দিবস উদযাপন করা হবে । সকাল সাড়ে ৬টা থেকে সাড়ে ৭টা পর্যন্ত স্থানীয় মনিয়ারখাল চা-বাগান মহাপ্রভূ জগন্নাথ কমিউনিটি হলে যোগাসন অনুষ্ঠিত হবে । বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী , আত্মসহায়ক গোষ্ঠীর সদস্য , স্বেচ্ছাসেবী সংগঠন এবং জনসাধারণকে এই দিবসের কার্যসূচিতে অংশ গ্রহণ করতে সংগঠনের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষে হাইলাকান্দিতে ও যোগ কার্যসূচী গ্রহণ করা হয়েছে । এ উপলক্ষে জেলা প্রশাসনের উদ্যোগে শহরের টাউন হল আডিটোরিয়ামে কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । সকাল ৬ টা থেকে অংশ গ্রহণকারীদের নিবন্ধন শুরু হবে । সকাল ৬-৪৫ মিনিটে যোগ কার্যসূচী অনুষ্ঠিত হবে । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত অভিষেক জৈন সহ জেলার বিভিন্ন সরকারী আধিকারিক ও বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত থাকবেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসন , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ এবং জাতীয় আয়ুষ মিশনের যৌথ উদ্যোগে আগামী কাল শ্রীভূমিতে দ্বাদশ আর্ন্তজাতিক যোগ দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে । এই উপলক্ষে শ্রীভূমির ষ্টিমারঘাট রোডের করিমগঞ্জ ইনল্যান্ড ওয়াটার ওয়েজ টার্মিনাল প্রাঙ্গনে জেলাস্তরের মূল কার্যসূচি অনুষ্ঠিত হবে । অনুষ্ঠানে সরকারী আধিকারিক , স্বাস্থ্যকর্মী , যোগ প্রশিক্ষক , ছাত্র-ছাত্রী , স্বেচ্ছাসেবক এবং জেলার বিভিন্ন প্রান্তের সাধারণ মানুষ অংশ গ্রহণ করবেন । সুস্থ্ , সবল ও মানসিকভাবে শান্ত জীবন গঠনে যোগব্যামের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করাই এই

অনুষ্ঠানের মূল লক্ষ্য । আগামীকাল সকাল ৬টা ৪৫ মিনিটে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করা হবে । সকাল ৭টা থেকে প্রশিক্ষিত যোগ শিক্ষকদের তত্বাবধানে যোগাভ্যাস অনুষ্ঠিত হবে ।সকাল ৮টায় যোগ প্রশিক্ষকদের সংবর্ধনা এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

কলাগুরু বিষ্ণুপ্রসাদ রাভার ৫৮ তম স্মৃতিদিবস আজ বিষ্ণু রাভা দিবস হিসেবে পালন করা হয়েছে । এ উপলক্ষে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে আজ গুয়াহাটী পাঞ্জাবারীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রের শ্রীশ্রী দামোদরদেব আন্তর্জাতিক প্রেক্ষাগৃহে বিষ্ণরাভা দিবস পালন করা হয়েছে ।এই অনুষ্ঠানে জিকির এবং জারীর বিশিষ্ট শিল্পী গোলাঘাটের সামসুদ্দিন আহমেদকে জাতীয় পর্যায়ের ২০২৫ বর্ষের আজানপীর পুরস্কার প্রদান করা হয় ।সত্রীয়া শিল্পী মানিক বরবায়েন এবং চিত্রশিল্পী মধুসুদন দাসকে রাজ্য পর্যায়ের ২০২৬ বর্ষের বিষ্ণুরাভা পুরস্কার প্রদান করা হয় এবং লেখিকা গীতা উপাধ্যায়কে ২০২৬ বর্ষের সতী সাধনী পুরস্কার প্রদান করা হয় । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।এছাড়া অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী বিমল বরা , সাংসদ বিজুলী কলিতা মেধি প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত কার্যালয়ের মূল ভবনে আজ বিষ্ণুরাভা দিবস উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।অনুষ্ঠানে জেলা আয়ুক্ত আয়ুষ গার্গ , অতিরিক্ত আয়ুক্ত জাগৃতি কালোয়ার , ডেভিড কুমার বরা সহ জেলা প্রশাসনের কর্মচারী এবং অসম সাহিত্য সভার শিলচর শাখার সদস্যরা কলাগুরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পন করেন ।

---------------------------------------------------------------------------------------

বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতায় আজ ভারতীয় সময় অনুযায়ি রাত সাড়ে ১০ টায় হিউস্টনে নেদারল্যান্ডস এবং সুইডেন পরস্পরের মুখোমুখি হবে । টরেন্টোতে রাত ১ টা ৩০ মিনিটে জার্মানি , আইভরি কোষ্টের বিরুদ্ধে। কানসাস সিটিতে ভারতীয় সময় ভোর সাড়ে ৫ টায় ইকুয়েডর /কুরাসাওয়ের বিরুদ্ধে এবং আগামীকাল সকাল সাড়ে ৯ টায় তিউনেশিয়া /জাপানের মুখোমুখি হবে ।

বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতায় আজ ভোরে অনুষ্ঠিত একটি খেলায় পেরাগুয়ে তুর্কীর বিরুদ্ধে ১-০ গোলে জয়লাভ করেছে ।ফিলাডেলফিয়ায় অনুষ্ঠিত অন্য একটি খেলায় ব্রাজিল /হাইতিকে ৩-০ গোলে পরাজিত করেছে ।